বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ
দুগ্ধ ভবন
১৩৯-১৪০, তেজগাও শিল্প এলাকা, ঢাকা।
www.milkvita.org.bd

**ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্মের ইউজার ইন্টারফেস এর সিস্টেম প্রেজেন্টেশন সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ রফিকুল ইসলাম<br>ব্যবস্থাপনা পরিচালক, মিল্ক ইউনিয়ন। |
| স্থান | : মিল্ক ইউনিয়নের প্রধান কার্যালয়ের সভা কক্ষ। |
| সভার তারিখ | : ২৯/০৩/২০২০, সময় : সকাল ১১:৩০ মি: |

**সভার উপস্থিত তালিকা**: পরিশিষ্ট-"ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম বাস্তবায়নের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও এর আওতাধীন বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্কভিটা) এর আওতায় কম্পোনেন্ট 3- ''Online Milk Collection & Distribution Management System'' এর সমিতি নিবন্ধন ও কম্পোনেন্ট ৬-''Beneficiary Training & Skill Development Management System''এর ইউজার ইন্টারফেস এর সিস্টেম প্রেজেন্টেশন প্রসঙ্গে এই সভা আয়োজিত হয়। সভাপতি বলেন যে, ইন্টিগ্রেটেড সফটওয়ারটি সঠিকভাবে বাস্তবায়িত হলে মিল্ক ইউনিয়নকে প্রকৃত অর্থে সম্পূণ ডিজিটাল করা সম্ভবপর হবে। এই লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগ/কর্মকর্তাদের সঠিকভাবে নির্দেশনা প্রদান করতে হবে।

২.০ **আলোচনা :**

২.১ সভাপতির অনুমতিক্রমে অরেঞ্জ বিজনেস ডেভেলপমেন্ট লিমিটেড নিম্নোক্ত বিষয়সমূহ উপস্থাপন করেন:

- সম্প্রসারণ কর্মকর্তা কর্তৃক প্রাথমিক দুগ্ধ সমবায় সমিতির জরিপ;
- মিল্ক ইউনিয়নের চেয়ারম্যান কর্তৃক প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমিতি চালুকরনের চূড়ান্ত অনুমোদন;
- সম্প্রসারণ কর্মকর্তা কর্তৃক সমিতির মিটিং রেজুলিউশন সফটওয়্যারে এন্ট্রি;
- সমিতির ম্যানেজার কর্তৃক সদস্যবৃন্দের থেকে দুধ সংগ্রহের প্রক্রিয়া সফটওয়্যারে এন্ট্রি;
- সম্প্রসারণ কর্মকর্তা কর্তৃক অনলাইনে প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন প্রক্রিয়া শুরুকরণ;
- ভারপ্রাপ্ত কর্মকর্তা (চিলিং প্ল্যান্ট) কর্তৃক প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য উপজেলা সমবায় কর্মকর্তার নিকট প্রেরণ;
- সুফলভোগীর ডিজিটাল প্রোফাইলে তথ্য হালনাগাদ ও ডিজিটাল পাসবুক সংরক্ষণ;

২.২ আলোচনান্তে অরেঞ্জ বিজনেস ডেভেলপমেন্ট লিমিটেড পক্ষ থেকে ডেমোনেস্ট্রেশন এবং মকআপ দেখানো হয় এবং পরবর্তীতে আরো স্পষ্ট ফরমেট দেখানো হবে।

৩.০ **সিদ্ধান্তঃ**

বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১ **প্রস্তাবিত প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমিতি সংগঠন সংক্রান্ত তথ্য স্বারক ফর্মে নিম্নরূপ সংশোধন/পরিমার্জন করতে হবে।**

ক) ফিল্ড অফিসারের স্থলে সম্প্রসারন কর্মকর্তা অথবা Extension Oficer হবে।
খ)ফিল্ড অফিসারের প্যানেলে- প্রস্তাবিত প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমিতি সংগঠন সংক্রান্ত তথ্য স্বারক এর জায়গায় প্রস্তাবিত প্রাথমিক সমবায় সমিতি সংগঠন সংক্রান্ত তথ্য স্বারক প্রতিস্থাপিত হবে।
গ) (১)দুগ্ধ এলাকার নাম (২)প্রস্তাবিত সমিতির নাম (৩)সমিতির কার্যকরী এলাকা। (এই সিরিয়ালে হবে)
ঘ) 'মিল্কভিটা' শব্দগুলো 'মিল্ক ইউনিয়ন' দ্বারা প্রতিস্থাপিত হবে।
ঙ) সমিতির সদস্য সংখ্যা সর্বনিম্ন ২০ জন হতে হবে ।
চ) সমিতির ঠিকানায় থানার স্থলে উপজেলা হবে, ইউনিয়ন এবং গ্রামের Text Field অ্যাড করতে হবে (জিও কোড সহ)।
ছ) বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড - (মিল্কভিটা) এই হ্যাডিং এর হাইপেন উঠিয়ে দিতে হবে ।
জ) দুগ্ধ কমিশন একাউন্ট ১৬ নাম্বারে হবে দুগ্ধ বিল একাউন্ট ১৫ নাম্বারে হবে।
ঞ) ম্যানাজারের মোবাইল এবং এনআইডি/জন্ম নিবন্ধন বাধ্যতামূলক।
ট) প্রত্যয়ন করা যাইতেছে যে, প্রস্তাবিত --------- সমবায় সমিতি সমিতির নিয়ম মোতাবেক সংগ্রহ করা হইতেছে। অত্র সমিতির কার্যকরী এলাকা নিবিড় ও সলংগ্ন। সাংগঠনিক সভায় উপস্তি সমিতির সদস্য পদ গ্রহনে আগ্রহী ব্যক্তিগনের বয়স ১৮ বৎসরের নিচে নহে প্রত্যেকে গাভী পালন করেন এই লিখার আগে (বক্স দিয়ে I agree দিতে হবে।)
ঠ) চিলিং প্লান্টের কোড অনুযায়ী সমিতির কোড অটো জেনারেট হতে হবে।যেমনঃ ৫০ নাম্বার চিলিং প্ল্যানের আন্ডারে সমিতি ক্রিয়েট হলে সেটার অটোমেটেড কোড পড়বে ৫০০০১।

৩.২ **চিলিং প্ল্যান্ট ম্যানাজারের প্যানেলঃ**
ড) চিলিং প্লান্ট ম্যানাজারের স্থলে ভারপ্রাপ্ত কর্মকর্তা হবে ।
ঢ) দুগ্ধের মিনিমাম ৪টি ফিক্সড টেস্ট করার সুবিধা থাকতে হবে।

১.Organlaptic test
2. LR/CLR – Above 27
3.Alchol - 1:1 and 2:1
4.Fat Test - 3.0% and above

ণ) যেভাবে বিলশীট এবং ব্যাংকের যে ডকুমেন্টসগুলো প্রোভাইড করা হয়েছে সেভাবে সফটওয়ারে পেমেন্ট সিস্টেম আপডেট করতে হবে।
ত) এস.এন.এফ ক্যালকুলেশন সূত্রঃ CLR/4+Fat(%)/5+0.14 হবে।

৩.৩ পরবর্তী সভায় বিপণন বিভাগের ই-কমার্স সাইটসহ বিস্তারিত আলোচনা হবে।

পরিশেষে সভাপতি উপিস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রফিকুলইসলাম
ব্যবস্থাপনাপরিচালক (যুগ্ম-সচিব)
ফোন: +৮৮ ০২ ৮৮৭০৪৩২
ই-মেইল: md.milkvita@gmail.com

স্মারক নং-৪৭.৬৭.০০০০.০০৫.১৬.০১৮.১৯. তারিখ: ১০/০৪/২০২২

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় কার্যাথে-

১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাব্যবস্থাপক (সকল), মিল্ক ইউনিয়ন।
৩। অতিরিক্ত মহাব্যবস্থাপক (সকল), মিল্ক ইউনিয়ন।
৪। উপমহাব্যবস্থাপক (সকল), মিল্ক ইউনিয়ন।
৫। ব্যবস্থাপক (সকল), মিল্ক ইউনিয়ন।
৬। চেয়ারম্যান-এর ব্যক্তিগত কর্মকর্তা, মিল্ক ইউনিয়ন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। জনাব পারুল আক্তার, প্রজেক্ট ম্যানেজার, ইরা ইনফোটেক লিমিটেড, ঢাকা।
৯। জনাব রনি খন্দকার, সিনিয়র বিজনেস এনালিস্ট, অরেঞ্জ বিজনেস ডেভেলপমেন্ট লিমিটেড, ঢাকা।
১০। অফিস নথি।

10/4/22

রাশেদা আকতার
উপ-ব্যবস্থাপক
পরিকল্পনা ও উন্নয়ন